

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮২৯

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - যাকাত যাদের জন্য হালাল নয়

আরবী

عَنْ أَبِي رَافِعٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ رَجُلًا مِنْ بَنِي مَخْزُومٍ عَلَى الصَّدَقَةِ فَقَالَ لِأَبِي رَافِعٍ: أَصْحَبْنِي كَيْمًا تُصِيبُ مِنْهَا. فَقَالَ: لَا حَتَّى أَتَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْأَلْهُ فَأَنْطَلَقَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ فَقَالَ: «إِنَّ الصَّدَقَةَ لَا تَحِلُّ لَنَا وَإِنَّ مَوَالِيَ الْقَوْمِ مِنْ أَنْفُسِهِمْ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدُ وَالنَّسَائِيُّ

বাংলা

১৮২৯-[৯] আবু রাফিক' (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বানী মাখ্যুম-এর এক ব্যক্তিকে যাকাত আদায়কারী করে পাঠালেন। যাবার সময় সে ব্যক্তি আবু রাফিক'কে বলল, আপনিও আমার সাথে চলুন। এতে কিছু অংশ আপনিও পেয়ে যাবেন। আবু রাফিক' বললেন, না, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস না করে আমি যেতে পারি না। তাই তিনি তাঁর কাছে গেলেন। তাঁকে তার সাথে যাবার অনুমতি চাইলে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সদাকাহ (সাদাকা) আমাদের (বানী হাশিমের) জন্য হালাল নয়। আর কোন গোত্রের দাস তাদের মধ্যেই গণ্য (তুমি তো আমাদেরই দাস)। (তিরমিয়ী, আবু দাউদ, নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ম তিরমিয়ী ৬৫৭, নাসায়ী ২৬১২, ইবনু আবী শায়বাহ ১০৭০৭, ইবনু আবী শায়বাহ ১৪৬৮, সুনানুল কুবরা লিল কুবরা ১৩২৪২, ইরওয়া ৮৮০, সিলসিলাহ আস্স সহীহাহ ১৬১৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সাহাবী আবু রাফিক' বলেন, জনৈককে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাকাত আদায়ের দায়িত্ব প্রদান করেন। তিনি তখন আবু রাফিক'কে বলেন, তুমি আমার সঙ্গে থাকো। তোমারও গনীমাতের মাল অর্জন হবে।

তিনি বললেন, না, যতক্ষণ না নারী সান্নান্নাহু আলাইহি ওয়াসান্নাম-কে জিজ্ঞেস করা হবে। তাঁকে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, যাকাত-সদাকাত্ত (সাদাকা) আমার জন্য হালাল নয়। আর কোন ক্রওমের গোলাম এ ক্রওমের ন্যায় একই হুকুমের আওতায় থাকে। হাদীসটিকে ইমাম আত্তিরমিয়ী সহীহ বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56389>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন